

রাত কথা

নষ্ট জীবনের মতো

একটা নাছোড় নষ্ট রাত ...

অসুখ; আমার ভাঙ্গা শরীর

নিয়ে মুখোমুখি; আসংসার

জড়ানো সেই রাত!

সংসারে নিবাত নিষ্কম্প নির্ভার ঘুম

ভোগী যোগী রোগীর সেই রাত;

কোথাও মোহন হাওয়ায় ফিসফিস

শরীরি স্বপ্ন কথা; ঘুম

ঈথার তরঙ্গে কাঁপছে, ঢেউ ঢেউ ঘুম!

আমার অতন্দ্র চোখ দুটো বুজলে

ছাদের কংক্রীট বীম আমার বুকে;

আমি সমূহ ঢেকে যাচ্ছিলাম,

চারপাশে ঝোপ ঝোপ ছায়া ছায়া

অন্ধকার! চোখ বুজলে বুনো কালো মা প্রণব চট্টোপাধ্যায়

ছি

চোখ খুললে সর্ষেফুল;

নিঃসঙ্গ প্রথম পাখির ডাক

ফুরনো রাতের তরল হাওয়ায়

উড়ছে 'তমসো' মা?... 'তমসো মা'

থৈ থৈ আর একটা দিন

পাখিদের অনুষ্ণে শাদা শাদা খড়ির দ

াগ

দিগন্ত ছুঁয়ে .... তখনও আমায়

জড়িয়ে সেই রাতকথা সলিলকি মনে

ালগ

আর আমার ভাঙ্গা শরীরের গান।

